

💵 আত্ তারগীব ওয়াত্ তারহীব

হাদিস নাম্বারঃ ২১৩

৪. পবিত্রতা (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ১০) মেসওয়াকের প্রতি উদ্বুদ্ধকরণ ও তার ফযীলতের বর্ণনা

الترغيب في السواك وما جاء في فضله

আরবী

(حسن لغيره) وَعَنْ ابْنِ عَبَّاسٍ رَضِيَ اللَّهُ عَنْهُمَا، عَنْ النَّبِيِّ صلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قالَ: " لَقَدْ أَمَرْتُ بِالسِّوَاكِ، حَتَّى ظَنَنْتُ أَنَّهُ يَنْزِلُ عَلَيَّ فيهِ قُرْآنٌ، أَوْ وَحْيٌ. رواه أبو يعلى وأحمد

বাংলা

২১৩. (হাসান লি গাইরিহী) ইবনু আব্বাস (রাঃ) থেকে বর্ণিত। নবী (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বলেছেনঃ 'নৈশ্চয় আমি মেসওয়াক করার প্রতি আদিষ্ট হয়েছি, এমনকি আমি ধারণা করেছিলাম যে, এ ব্যাপারে হয়তো আমার উপর কুরআন অথবা ওহী নাযিল হয়ে যাবে।'

(আবু ইয়ালা ২৩৩০ ও আহমাদ ১/৩৩৭) আহমাদের বর্ণনায় বলা হয়েছেঃ

لَقَدْ أُمِرْتُ بِالسِّوَاكِ حَتَّى خَشِيتُ أَنْ يُوحَى إِلَيَّ فِيهِ شيء

''মেসওয়াকের ব্যাপারে আমাকে এমনভাবে আদেশ করা হয়েছে যে, শেষ পর্যন্ত আমি আশংকা করছিলাম, এব্যাপারে হয়ত আমার নিকট কোন (বিশেষ) ওহী পাঠানো হবে।''

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন